

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ, ২০ অগ্রহায়ণ, ১৪২০ বঙ্গাব্দ/৪ ডিসেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৭১-আইন/২০১৩ —Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

“(১) যে কোন দেশে উৎপন্ন দুগ্ধ, দুগ্ধজাত খাদ্য দ্রব্যাদি, ভোজ্য তৈল ও অন্যান্য খাদ্য সামগ্রী আমদানির ক্ষেত্রে উহাদের পারমাণবিক তেজস্ক্রিয়তা পরীক্ষা বাধ্যতামূলক। এই ক্ষেত্রে রপ্তানিকারক দেশের সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ আমদানি সংক্রান্ত দলিলের সাথে শুষ্ক কর্তৃপক্ষের নিকট পেশ করিতে হইবে। আমদানিকৃত দুগ্ধ ও দুগ্ধজাত খাদ্যদ্রব্য Added Melamine মুক্ত, যে গাভী থেকে দুগ্ধ আহরণ করা হইয়াছে সেই গাভীকে Estrogenic Hormones and Hormone growth promotants (HGP) Treatment করা হয় নাই এবং ভারী ধাতুর মাত্রা Codex Standard অনুযায়ী রহিয়াছে মর্মে রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র আমদানিকারককে অবশ্যই শুষ্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। উল্লেখ্য, যে সমস্ত সবজি বীজ সরাসরি খাদ্য হিসাবে ব্যবহৃত হইতে পারে সেই সমস্ত সবজি বীজ আমদানির ক্ষেত্রেও উপরোক্ত বিধান প্রযোজ্য হইবে।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সিদ্দিক সরদার

উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

( ১০২৮৭ )

মূল্য : টাকা ৪.০০